পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/ ৪১৬

তারিখ ঃ ০৭/০৪/২০১৯ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগ/দপ্তরের জন্য স্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) সেকশন অফিসার (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	৪টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২য় শ্রেণির কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর।
(২) সেকশন অফিসার/ প্রটোকল অফিসার (উপাচার্য মহোদয়ের দপ্তর) (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২য় শ্রেণির কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর।
(৩) হিসাবরক্ষণ কর্মকর্তা (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর/ এমবিএ (হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক/বিবিএ (হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী বাজেট অফিসার/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর।
(৪) বাজেট অফিসার (২২০০০-৫৩০৬০) (গ্রেড-৯)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর/ এমবিএ (হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক/বিবিএ (হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী বাজেট অফিসার/সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর।
(৫) সহকারী নিরাপত্তা কর্মকর্তা (১৬০০০-৩৮৬৪০) (গ্রেড-১০)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর। অথবা প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ জাতীয় পর্যায়ের কোন বৃহৎ প্রতিষ্ঠানে নিরাপত্তা সংক্রান্ত কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন সামরিক ও আধা সামরিক বাহিনীর সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে। উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর।
(৬) উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎকৌশল) (১৬০০০-৩৮৬৪০) (গ্রেড-১০)	১টি	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (তড়িৎকৌশল)/ কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ২য় শ্রেণির/ সমমানের ডিপ্লোমাধারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড প্রাপ্ত এবং পেশাগত কাজে অভিজ্ঞতা সম্পন্ন ও বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(৭) নার্স (১৬০০০-৩৮৬৪০) (গ্রেড-১০)	১টি	প্রার্থীকে অবশ্যই সরকারি নার্সিং ইনস্টিটিউট/ কলেজ হতে ০৩ (তিন)/ ০৪ (চার) বছর মেয়াদী নার্সিং এ ডিপ্লোমা ডিগ্রিধারী অথবা নার্সিং সায়েন্স-এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না। প্রার্থীকে নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশনভূক্ত হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(৮) ক্যালিওগ্রাফার (১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১)	১টি	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। খ) ইংরেজি ও বাংলা সুন্দর হস্তাক্ষর সম্বলিত ক্যালিওগ্রাফিক লিখনে দক্ষ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(৯) টেকনিশিয়ান (১২৫০০-৩০২৩০) (গ্রেড-১১)	১টি	প্রার্থীকে অবশ্যই নূন্যতম স্নাতক (বিজ্ঞান)/ সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১০) অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (১১০০০-২৬৫৯০) (গ্রেড-১৩)	৬টি	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী হতে হবে। খ) সরকার কর্তৃক কোন স্বীকৃত প্রতিষ্ঠানের কম্পিউটার প্রশিক্ষণে ডিপ্লোমা/ সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। বাংলা ও ইংরেজিতে কম্পিউটার টাইপিংএ যথাক্রমে প্রতি মিনিটে কমপক্ষে ৪০ ও ৫০ শব্দের গতিসহ এম.এস.ওয়ার্ড, এম.এস.এক্সেল, এম.এস.একসেস, পাওয়ার পয়েন্ট ইত্যাদি প্রোগ্রামে দক্ষতাসম্পন্ন হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১১) ড্রাইভার (৯৭০০-২৩৪৯০) (গ্রেড-১৫)	১টি	ক) কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। খ) সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ হেভি/হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১২) ল্যাব টেকনিশিয়ান (গণিত, পদার্থবিজ্ঞান, ফার্মেসি, রসায়ন, আর্কিটেকচার, সিএসই, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ) (৯৩০০-২২৪৯০) (গ্রেড-১৬)	৭টি	প্রার্থীকে স্নাতক (বিজ্ঞান) ডিগ্রিধারী হতে হবে। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য প্রার্থীকে স্নাতক (বিজ্ঞান)/ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৩) ফটোকপি মেশিন অপারেটর বেতন স্কেল- ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭)	১টি	ক) কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে। খ) ফটোকপিয়ার মেশিন চালানো ও রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৪) ল্যাব এ্যাটেনডেন্ট (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	৫টি	কমপক্ষে এইচএসসি (বিজ্ঞান) পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৫) কারপেন্টার (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	১টি	কমপক্ষে এসএসসি পাশসহ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৬) পাম্প অপারেটর (৮৫০০-২০৫৭০) (গ্রেড-১৯)	১টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৭) অফিস সহায়ক (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	২টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৮) ম্যাসেঞ্জার (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	১টি	কমপক্ষে এসএসসি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(১৯) নিরাপত্তা প্রহরী (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	৫টি	কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(২০) মালী (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	১টি	কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(২১) সহকারী বাবুর্চি (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	২টি	নূন্যতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে এবং ক্যাটারিং সার্ভিস-এ অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।
(২২) টেবিল বয় (৮২৫০-২০০১০) (গ্রেড-২০)	২টি	নূন্যতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে। বয়স অনুর্ধ ৩০ বছর।

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৭/০৪/২০১৯ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা, বরাবরে উক্ত তারিখের **(২৭/০৪/২০১৯ ইং)** মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৭ (সাত) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) কর্মকর্তা পদে (গ্রেড-০৯ থেকে গ্রেড-১০) আবেদনের বেলায় গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয় সমতুল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

৫) কর্মচারী পদে (গ্রেড-১১ থেকে গ্রেড-২০) আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিধিতে বর্ণিত নিয়োগ শর্তাবলী শিথিলযোগ্য হবে।

৬) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকুলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১০) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকুলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ১-৭ নং পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ৮-২২ নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০৪/১৯
অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।